# বর্ধমান বিশ্ববিদ্যালয়
## রাজবাটী, বর্ধমান
## = বিজ্ঞপ্তি =

প্রজ্ঞাপণ সংখ্যা :-আর-সি/ পার্মা/এড় মি/ ১১৩ তারিখ:- ৩০.০৫.২০১৭

মাননীয়/ মাননীয়া,
অধ্যক্ষ/ অধ্যক্ষা/ ভারপ্রাপ্ত অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত অধ্যক্ষা
বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত সমস্ত কলেজ সমূহ ।

২০১৭- ১৮ শিক্ষা বর্ষে স্নাতক স্তরে প্রথম বর্ষে প্রথম সেমিষ্টারে ভর্তি সংক্রান্ত নিয়মাবলী ।

এতদ্বারা সকলকে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ে স্নাতক স্তরে ভর্তির নিয়ম **(U.Ord-3)** ধারায় উল্লেখিত উচ্চমাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশের দিন থেকে ৭ দিনের মধ্যে ভর্তি প্রক্রিয়া শুরু এবং ৬০ দিন অর্থাৎ ২৮.০৭.১৭ তারিখের মধ্যে ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং অতি অবশ্যই ২৯.০৭.১৭ তারিখের মধ্যে প্রথম বর্ষে প্রথম সেমিষ্টারে ক্লাস শুরু করতে হবে এবং বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত **Intake capacity** -এর বাহিরে ভর্তি করা যাবে না, এছাড়া ভর্তি সংক্রান্ত আরও কয়েকটি গুরুত্বপূর্ন্য নির্দেশাবলী অনুসরন করতে বলা হচ্ছে ।

১) ভর্তি ও সংরক্ষণ সংক্রান্ত রাজ্য সরকার কর্তৃক সকল আদেশনামা / বিজ্ঞপ্তি এবং G.O.No.500-Edn (CS)/10M-95 /16 Dated 08.05.2017 এক্ষেত্রে প্রযোজ্য হবে ।

২) যে সব ছাত্রছাত্রী ২০১৪ / ২০১৫ /২০১৬ /২০১৭ সালে কোন স্বীকৃত কাউন্সিল বা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক (১০+২) বা সমতূল্য পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কলেজে প্রথম বর্ষে প্রথম সেমিষ্টারে ভর্তির প্রক্রিয়ায় অংশ গ্রহন করতে পারবে ।

৩) স্নাতক স্তরে জেনারেল কোর্সে প্রথম বর্ষে প্রথম সেমিষ্টারে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক বা সমতূল্য পরীক্ষায় পরিবেশ বিদ্যা বাদে পাঁচটি বিষয়ে সর্বোচ্চ প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরী করতে হবে।

৪) সাম্মানিক কোর্সে ভর্তির জন্য মেধা তালিকা (পরিবেশ বিদ্যা বাদ দিয়ে) তৈরী হবে কলেজ কর্তৃপক্ষের নির্ধারিত নিয়মানুসারে । সাম্মানিক কোর্সে ভর্তি হওয়ার জন্য উচ্চমাধ্যমিক (১০+২) সমতূল্য পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের কমপক্ষে ৪৫% নম্বর প্রয়োজন, মিউজিক এবং সাঁওতালি বিষয়ের ক্ষেত্রে কমপক্ষে ৪০% নম্বর প্রয়োজন।

৫) যে সমস্ত ছাত্রছাত্রী উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতূল্য পরীক্ষায় কমপক্ষে ৫টি বিষয়ে (প্রতিটি বিষয়ের পূর্ণ মান ১০০ নম্বর) মোট ৫০০ নম্বর পরীক্ষায় ইংরাজী এবং অন্য যে কোন একটি ভাষা এবং অন্য যে কোন তিনটি প্রথা গত বিষয় নিয়ে যে কোন স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে পাশ করেছে তারা স্নাতক স্তরে প্রথম বর্ষে প্রথম সেমিষ্টারে ভর্তি হতে পারবে । স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের পূর্ণাঙ্গ তালিকা সঙ্গে দেওয়া হল ।

-অথবা-

যে সমস্ত ছাত্রছাত্রী উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল্য পরীক্ষায় কমপক্ষে ৪টি বিষয়ে ( প্রতিটি বিষয়ের পূর্ণ মান ১০০ নম্বর) মোট ৪০০ নম্বর পরীক্ষায় ইংরাজী বা অন্য যে কোন একটি ভাষার মধ্যে যে কোন একটি বিষয় এবং অন্য যে কোন তিনটি প্রথাগত বিষয় নিয়ে যে কোন স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে পাশ করেছে তারা স্নাতক স্তরে প্রথম বর্ষে প্রথম সেমিষ্টারে ভর্তি হতে পারবে।

৬) রাজ্য স্তরে খেলোয়াড়রা স্পোর্টস কোটায় সাম্মানিক কোর্সে প্রথম বর্ষে প্রথম সেমিষ্টারে ভর্তির জন্য বিবেচিত হবে ,যদি উচ্চ মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় পাশ মার্ক্স সহ স্বীকৃত খেলার উপযুক্ত প্রমান পত্র থাকে । জেলা স্তরের খেলোয়াড়রা স্পোর্টস কোটায় জেনারেল কোর্সে প্রথম বর্ষে প্রথম সেমিষ্টারে ভর্তির জন্য বিবেচিত হবে, যদি উচ্চ মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় পাশ মার্ক্স সহ স্বীকৃত খেলার উপযুক্ত প্রমান পত্র থাকে ।

৭) যে সমস্ত ছাত্র ছাত্রী (১০+২) সমতূল্য **Vocational Engineering & Technology** ( অঙ্কে পাশ মার্ক্স সহ ) পরীক্ষায় পাশ করেছে তারা **BCA (Hons.)** কোর্সে ভর্তির পরীক্ষায় বসার জন্য বিবেচিত হবে , এছাড়া তারা **Computer Science (Hons.)** এবং জেনারেল কোর্সে **Pure Science or Arts** বিভাগে প্রথম বর্ষে প্রথম সেমিষ্টারে ভর্তি হওয়ার যোগ্য আর যারা উপরিউক্ত পরীক্ষায় অঙ্ক বিষয় ছাড়া পাশ করেছে বা অঙ্ক বিষয়ে পাশ মার্ক্স নেই তারা কেবল মাত্র জেনারেল কোর্সে **Arts** বিভাগে ভর্তি হওয়ার যোগ্য বলে বিবেচিত হবে ।

৮) যে সমস্ত ছাত্র ছাত্রী (১০+২) সমতূল্য **Vocational Agriculture** নিয়ে পাশ করেছে তারা জেনারেল কোর্সে **Science or Arts** বিভাগে ভর্তি হওয়ার যোগ্য বলে বিবেচিত হবে ।

৯) যে সমস্ত ছাত্র ছাত্রী (১০+২) সমতূল্য **Vocational Bussiness & Commerce** নিয়ে পাশ করেছে তারা জেনারেল কোর্সে **Commerce or Arts** এবং Commerce (Hons.) বিভাগে ভর্তি হওয়ার যোগ্য বলে বিবেচিত হবে, এছাড়াও তারা **BBA (H)** কোর্সে ভর্তি হওয়ার পরীক্ষায় বসার যোগ্য এক্ষেত্রে অবশ্যই তাদের **Bussiness Math. & Statistics** বিষয়ে পাশ মার্ক্স থাকতে হবে ।

১০) যে সমস্ত ছাত্র ছাত্রী (১০+২ ) সমতূল্য **Vocational Home Science** নিয়ে পাশ করেছে তারা কেবল মাত্র জেনারেল কোর্সে **Arts** বিভাগে ভর্তি হওয়ার যোগ্য বলে বিবেচিত হবে ।

১১) যে সমস্ত ছাত্র ছাত্রী উপরিউক্ত **Vocational** কোর্স নিয়ে পাশ করেছে তারা সংশ্লিষ্ট কলেজে বিষয় ভিত্তিক মোট আসন সংখ্যার মধ্যে সর্ব্বাধিক ১০% আসনে সর্বোচ্চ প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রথম বর্ষে প্রথম সেমিষ্টারে ভর্তির সুযোগ পাবে, এক্ষেত্রে তাদের সাধারন বোর্ড থেকে পাশ করে সুযোগ পাওয়া তালিকার সর্ব্বনিম্ন প্রার্থীর থেকে অধিক নম্বর পেতে হবে ।

১২) যে সব ছাত্রছাত্রী বিদেশী বিশ্ববিদ্যালয়/ বোর্ড থেকে ডিগ্রী / (১০+২) সমতূল্য পরীক্ষায় পাশ করেছে তারা এই বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত যে কোন কলেজে স্নাতক কোর্সে মোট আসন সংখ্যার মধ্যে মাত্র ৫% আসনে ভর্তি হওয়ার সুযোগ পাবে । উল্লেখ্য, যে সব ছাত্রছাত্রী ভারতীয় কোন বোর্ড থেকে পাশ করে সর্ব্বনিম্ন নম্বর পেয়ে প্রথম বর্ষে প্রথম সেমিষ্টারে ভর্তি হওয়ার সুযোগ পেয়েছে তাদের থেকে অপেক্ষাকৃত কম নম্বর পাওয়া বিদেশী বোর্ডের ছাত্রছাত্রী প্রথম বর্ষে ভর্তি হওয়ার সুযোগ পাবে না । এক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ ভর্তির জন্য টেষ্ট পরীক্ষা **(Admission Test)** গ্রহন করবেন এবং (১০ +২ ) বা সমতূল্য পরীক্ষায় প্রাপ্ত শতকরা নম্বরের ৫০% এবং ভর্তির টেষ্ট পরীক্ষায় **(Admission Test)** প্রাপ্ত নম্বরের ৫০% মানের ভিত্তিতে মেধা তালিকা তৈরী করবেন ।**( Merit list of such students would be prepared by giving 50% weightage on the average value of their percentile score at (+2) level and 50% weightage on the score of the admission test to be taken by the respective college).**

১৩) যে সকল ছাত্রছাত্রী Cambridge University থেকে CIE পরীক্ষায় পাশ করেছে তারা এই বিশ্ববিদ্যালয়ের অনুমদিত যে কোন কলেজে প্রথম বর্ষে প্রথম সেমিষ্টারে ভর্তী হওয়ার যোগ্য, এক্ষেত্রে অবশ্যই তাকে কম পক্ষে 'O' Level থেকে তিনটি বিষয়ে এবং 'A' Level থেকে দুটি বিষয়ে পাশ করতে হবে । উপরিউক্ত দুটি লেভেলের মধ্যে কোন একটি লেভেলে ইংরাজী বিষয় থাকা বাধ্যতামূলক ।

১৪) প্রথম বর্ষে প্রথম সেমিষ্টারে ক্লাস শুরু হওয়ার এক-মাসের মধ্যে যদি কোন ছাত্রছাত্রী কোন বিষয় / ধারা পরিবর্তন করার জন্য আবেদন করে, কলেজ কর্তৃপক্ষ উক্ত বিষয় বা ধারা পরিবর্তন করতে পারবেন, Registration-Cum-Enrolment Form fillup- এর পূর্বে।

১৫) Online admission-এর software-এ Burdwan University-এর Registration-Cum-Enrolment Form-এর নির্ধারিত field গুলি থাকা আবশ্যক এবং Excel format-এ out put নিয়ে রাখতে হবে ।

১৬) যে সকল ছাত্রছাত্রী ২০১৬-১৭ শিক্ষা বর্ষে স্নাতক স্তরে প্রথম বর্ষে ভর্তি হয়েছিল এবং বিশ্ববিদ্যালয়ে Registration করিয়েছে অথচ ২০১৭ সালে পার্ট-১ পরীক্ষায় বসেনি তারা ২০১৭-১৮ শিক্ষা বর্ষে দ্বিতীয় বর্ষে ভর্তি হওয়ার সুযোগ পাবে কিন্তু ঐ সব ছাত্র-ছাত্রীকে ২০১৭-১৮ শিক্ষা বর্ষে প্রাথমিক ভাবে প্রথম বর্ষে (পার্ট-১) পরীক্ষায় বসতে হবে ।

স্বাঃ- ডঃ ডি.কে. পাঁজা

প্রজ্ঞাপন সংখ্যা:- আর.-সি/ পার্ম/ এড মি/ ১১৩ (১৫০) / ১ তারিখ:- ৩০.০৫.২০১৭ কর্মাধ্যক্ষ

জ্ঞাতব্য তথ্য ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রতি লিপি প্রেরিত হল:-

১) মাননীয়/ মাননীয়া- অধ্যক্ষ/ অধ্যক্ষা / ভারপ্রাপ্ত অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত অধ্যক্ষা
বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত সমস্ত কলেজ ।
২) সকল আধিকারিক বৃন্দ, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
৩) পি.এ. উপাচার্য, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
৪) পি.এ. সহ উপাচার্য, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
৫) পি.এ. কর্মসচিব, বর্ধমান বিশ্ববিদ্যালয়
৬) এস..এস. অনুমতি বিভাগ, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
৭) জে.এস. রেজিষ্ট্রেশন ও মাইগ্রেশন বিভাগ, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
৮) সিস্টেম ম্যানেজার, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সেন্টার, এই বিজ্ঞাপনটি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে ।

সহঃকর্মাধ্যক্ষ

# List of recognized Board/Council/University/Institution

| SL.NO. | Name of the Board/Council/University/Institution | Address | Country | Pin Code | State |
|---|---|---|---|---|---|
| 1 | BIHAR INTERMEDIATE EDUCATION COUNCIL | PATNA | INDIA | 800001 | Bihar |
| 2 | BIHAR SCHOOL EXAMINATION BOARD | PATNA | INDIA | 800017 | Bihar |
| 3 | BOARD OF EDUCATION MANIPUR | IMPHAL | INDIA | 795001 | Manipur |
| 4 | ASSAM HIGHER SECONDARY EDUCATION COUNCIL | GUWAHATI | INDIA | 781021 | Assam |
| 5 | BOARD OF INTERMEDIATE EDUCATION ANDHRA PRADESH | HYDERABAD | INDIA | 500002 | Andhra Pradesh |
| 6 | BOARD OF SECONDARY EDUCATION ( M.P.) | BHOPAL | INDIA | 462011 | Madhya Pradesh |
| 7 | BOARD OF SECONDARY EDUCATION ANDHRA PRADESH | HYDERABAD | INDIA | 500001 | Andhra Pradesh |
| 8 | BOARD OF SECONDARY EDUCATION ASSAM | GUWAHATI | INDIA | 781016 | Assam |
| 9 | BOARD OF SECONDARY EDUCATION ORRISA | CUTTACK | INDIA | 753001 | Orissa |
| 10 | BOARD OF SECONDARY EDUCATION RAJASTHAN | AJIMER | INDIA | 305001 | Rajasthan |
| 11 | CAMBRIDGE UNIVERSITY - INTERNATIONAL EXAMINATIONS | | ENGLAND | | ENGLAND |
| 12 | CENTRAL BOARD OF SECONDARY EDUCATION | DELHI | INDIA | 110092 | Delhi |
| 13 | CHHATISGARH BOARD OF SECONDARY EDUCATION | RAIPUR | INDIA | 492001 | Chhattisgarh |
| 14 | COUNCIL FOR THE INDIAN SCHOOL CERTIFICATE EXAMINATIONS | NEW DELHI | INDIA | 110019 | Delhi |
| 15 | COUNCIL OF HIGHER SECONDARY EDUCATION MANIPUR | IMPHAL(WEST) | INDIA | 795001 | Manipur |
| 16 | COUNCIL OF HIGHER SECONDARY EDUCATION ORISSA | BHUBANESWAR | INDIA | 751013 | Orissa |
| 17 | GOA BOARD OF SECONDARY AND HIGHER SECONDARY EDUCATION | GOA | INDIA | 403521 | Goa |
| 18 | GOVERNMENT OF KARNATAKA DEPT. OF PRE-UNIVERSITY EDUCATION | BANGALORE | INDIA | 560001 | Karnataka |
| 19 | GUJRAT SECONDARY AND HIGHER SECONDARY EDUCATION BOARD | GANDHINAGAR | INDIA | 382043 | Gujarat |
| 20 | H.P. BOARD OF SCHOOL EDUCATION | KANGRA | INDIA | 176213 | Himachal Pradesh |
| 21 | HARYANA BOARD OF SCHOOL EDUCATION | BHIWANI | INDIA | 125021 | Haryana |
| 22 | J&K STATE BOARD OF SCHOOL EDUCATION | SRINAGAR | INDIA | 190008 | Jammu and Kashmir |
| 23 | JHARKAND ACADEMIC COUNCIL RANCHI | RANCHI | INDIA | 834003 | Jharkhand |
| 24 | KARNATAKA SECONDARY EDUCATION EXAMINATION BOARD | BANGALORE | INDIA | 560003 | Karnataka |
| 25 | KERALA BOARD OF HIGHER SECONDARY EDUCATION | THIRUVANANTHAPURAM | INDIA | 695001 | Kerala |
| 26 | KERALA BOARD OF PUBLIC EXAMINATION PAREEKSHA BHAWAN,POOJAPURA | THIRUVANANTHAPURAM | INDIA | 695002 | Kerala |
| 27 | M.P. STATE OPEN SCHOOL BOARD OF SECONDARY EDUCATION CAMPUS | BHOPAL | INDIA | 462011 | Madhya Pradesh |
| 28 | MAHARASTRA STATE BOARD OF SECONDARY AND HIGHER SECONDARY EDUCATION | PUNE | INDIA | 411005 | Maharashtra |
| 29 | MEGHALAYA BOARD OF SCHOOL EDUCATION | TURA MEGHALAYA | INDIA | 794102 | Meghalaya |

# List of recognized Board/Council/University/Institution

| SL.NO. | Name of the Board/Council/University/Institution | Address | Country | Pin Code | State |
|---|---|---|---|---|---|
| 30 | MIZORAM BOARD OF SCHOOL EDUCATION | AIZAWL | INDIA | 796012 | Mizoram |
| 31 | NAGALAND BOARD OF SCHOOL EDUCATION | KOHIMA | INDIA | 797001 | Nagaland |
| 32 | NATIONAL INSTITUTE OF OPEN SCHOOLING | NEW DELHI | INDIA | 110048 | Delhi |
| 33 | PUNJAB SCHOOL EDUCATION BOARD | MOHALI | INDIA | 160059 | Punjab |
| 34 | RAVINDRA MUKTA VIDYALAYA | KOLKATA | INDIA | 700091 | West Bengal |
| 35 | TAMILNADU BOARD OF HIGHER SECONDARY EDUCATION | CHENNAI | INDIA | 600006 | Tamil Nadu |
| 36 | TAMILNADU STATE BOARD OF SCHOOL EXAMINATION | CHENNAI | INDIA | 600006 | Tamil Nadu |
| 37 | TRIPURRA BOARD OF SECONDARY EDUCATION | TRIPURA WEST | INDIA | 799006 | Tripura |
| 38 | U.P. BOARD OF HIGH SCHOOL & INTERMEDIATE EDUCATION | ALLAHABAD | INDIA | 226001 | Uttar Pradesh |
| 39 | UTTRANCHAL SHIKSHA EVM PARIKSHA PRISHAD | NIANITAL | INDIA | 263001 | Uttarakhand |
| 40 | WEST BENGAL BOARD OF MADRASAH EDUCATION | KOLKATA | INDIA | 700016 | West Bengal |
| 41 | WEST BENGAL BOARD OF PRIMARY EDUCATION | KOLKATA | INDIA | 700091 | West Bengal |
| 42 | WEST BENGAL BOARD OF SECONDARY EDUCATION | CALCUTTA | INDIA | 700016 | West Bengal |
| 43 | WEST BENGAL COUNCIL OF HIGHER SECONDARY EDUCATION | KOLKATA | INDIA | 700091 | West Bengal |
| 44 | WEST BENGAL STATE COUNCIL OF VOCATIONAL EDUCATION & TRAINING | KOLKATA | INDIA | | West bengal |
| 45 | WEST BENGAL STATE COUNCIL OF TECHNICAL AND VOCATIONAL EDUCATION AND SKILL DEVELOPMENT | KOLKATA | INDIA | | West bengal |
| 46 | THE WEST BENGAL COUNCIL OF RABINDRA OPEN SCHOOLING | KOLKATA | INDIA | 700091 | West bengal |
| 47 | RASHTRIYA SANSKRIT SANSTHANAM | NEW DELHI | INDIA | 110058 | Delhi |
| 48 | VISVA-BHARATI | BOLPUR | INDIA | | West bengal |
| 49 | **OTHERS BOARD/COUNCIL DULY RECOGNISED BY THE CENTRAL GOVT./STATE GOVT-IN SUCH CASES PRIOR APPROVAL OF THE UNIVERSITY IS REQUIRED BEFORE TAKING ADMISSION FOR THE SESSION 2017-18.** | | | | |